

- ১। পরকে আপন ভেবে নিল,
 আপনজনকে না চিনিলি,
 হয়ে রলি মায়া ডোরে বন্ধ ।
 ফুরায়ে গেল রে বেলা,
 পারে চল্বে মন পাগলা,
 নৈলে ভবের খেলা হয়ে যাবে বন্ধ ॥
- ২। কত ভালবেসে তোরে,
 গুরু শ্রীপদ দিয়া শিরে,
 কেটে দিয়াছিল কর্ম বন্ধ ।
 তবুও তুই বুঝিলি নারে,
 কয়লার ময়লা গেল নারে,
 গরল অমৃত জ্ঞানে, সুখা এবে নিলি মন্দ ॥
- ৩। এখনও প্রাণ খুলে ডাক্বে তারে,
 নৈলে আর ত সময় পাবি নারে,
 শমন এসে কর্বে কণ্ঠ বন্ধ ।
 শুন্বে না সে কোন কথা,
 চোখের জলেও পায় না ব্যথা,
 তখন কে রাখিবে ওরে অজ্ঞান অন্ধ ॥
- ৪। স্বামী কৈলাসচন্দ্র ভেবে বলে,
 গুরুচাঁদের পদতলে,
 জন্মের মত হও এবার বন্ধ ।
 সদা ভাব যুগল চরণ,
 শমন ভয় রবে না কখন,
 অধম নগার ঘুচিল না সন্ধ ॥

—নগেন্দ্রনাথ কর

